ঈশ্বরদীতে র্যাবের অভিযান, একজনের ৬ মাসের কারাদন্ড

রোববার (১৫ মে) বিকেলের দিকে
র্যাব-১২, সিপিসি-২, পাবনা’র
একটি আভিযানিক দল ঈশ্বরদী
থানাধীন গোয়াল বাথান গ্রামে
ভেজাল খৈল (পশু খাদ্য) তৈরি
প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট
পরিচালনা করেন।

ডিএডি মোঃ মনোয়ার হোসেন এর নেতৃত্ত্বে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) জনাব মোঃ জাহিদ নেওয়াজ এর উপস্থিতিতে এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

এ সময় ভেজাল খৈল (পশু খাদ্য) উৎপাদন ও বিপননের অপরাধে মেসার্স রাবেয়া অয়েল মিল এর মালিক মোঃ বাবুল সরকার (৪০) কে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৭ এবং ৪৫ ধারা মোতাবেক দোষী সাব্যস্ত করে ছয় মাসের বিনাশ্রম কারাদন্ড এবং পঞ্চাশ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

উক্ত মিল মালিক বাবুল সরকার গোয়াল বাথান গ্রামের মোঃ মতিয়ার রহমান সরকারের পুত্র।

এ সংক্রান্তে মোবাইল কোর্ট মামলা নং-১২৮/২০১৬ (ঈশ্বরদী), তারিখ ১৫/০৫/২০১৬ খ্রিঃ, ধারা-“ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৭ এবং ৪৫ ধারায় প্রসিকিউশন দাখিল করা হয়েছে।